দৈনিক নবচিত্র-২

দৈনিক নবচিত্র

মঙ্গলবার ১১ সেপ্টেম্বর ২০১৮ ইং

সম্পাদকীয়

১১ সেপ্টেম্বর ২০১৮ ইং

কোটচাঁদপুর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ

রেজিঃ নং-৩৫, তারিখঃ ১৮.০৮.১৯৮৩ খ্রিঃ

কোটচাঁদপুর, ঝিনাইদহ।

(বিআরডিবি আওতাভুক্ত)

স্মারক নং-৪৭.৬২.৪৪৪২.১০০.১১.১১৫.১৩.৪৫৩

তারিখঃ ১০/০৯/২০১৮ খ্রিঃ
২৬/০৫/১৪২৫ বঙ্গাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

কোটচাঁদপুর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ, কোটচাঁদপুর, ঝিনাইদহ এর নিম্নবর্ণিত শূণ্যপদ পূরণের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
১।	পরিদর্শক	১০২০০-২৪৬৮০ (গ্রেড-১৪)	০১ (এক)	স্নাতক/সমমানের ডিগ্রী। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।

দরখাস্তের শর্তাবলী ঃ

০১।	প্রার্থীকে ঝিনাইদহ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। কোটচাঁদপুর উপজেলার স্থায়ী বাসিন্দাদের অগ্রাধিকার দেয়া হবে।
০২।	পদটি সম্পূর্ণ অস্থায়ী এবং এই নিয়োগ বিজ্ঞপ্তির ধারাবাহিকতায় নিয়োগকৃত কর্মচারী কোটচাঁদপুর ইউসিসিএ লিঃ, ঝিনাইদহ'র কর্মচারী হিসেবে গণ্য হবেন এবং ইউসিসিএ লিঃ কর্মচারীদের জন্য নির্ধারিত বেতন স্কেলে সংশ্লিষ্ট কর্মচারীর বিতরণকৃত ঋণের অর্জিত সেবামূল্যের অর্থ/ইউসিসিএ লিঃ এর নিজস্ব আয়/সরকারী সহায়তা (প্রাপ্তি সাপেক্ষে) দ্বারা কর্মচারীর বেতন ভাতা প্রাপ্য হবেন।
০৩।	এই নিয়োগের ফলে সংশ্লিষ্ট কর্মচারী বিআরডিবি'র কর্মচারী হিসেবে গণ্য কিংবা ভবিষ্যতে রাজস্ব বাজেট ভুক্তি এবং বিআরডিবি'র চাকুরীর জন্য যোগ্য বা অগ্রাধিকার প্রাপ্ত মর্মে গণ্য হবেন না।
০৪।	দরখাস্তকারীকে A4 সাইজের কাগজে কম্পিউটারে টাইপ করে (ক) নাম, (খ) পিতা/স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) নিজ জেলা, (ছ) জন্ম তারিখ, (জ) ০৩/১০/২০১৮ খ্রিঃ তারিখে বয়স, (ঝ) শিক্ষাগত যোগ্যতা, (ঞ) কোটার নাম, (ট) বৈবাহিক অবস্থা, (ঠ) জাতীয়তা, (ড) ধর্ম, (ঢ) অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখপূর্বক স্বাক্ষরিত দরখাস্তের সাথে সদ্য তোলা ০৫ (পাঁচ) কপি সত্যায়িত রঙ্গিন পাসপোর্ট আকারের ছবি, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পর্কিত সকল প্রকার সনদপত্র এবং জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদপত্র, নাগরিক সনদপত্র, ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক চারিত্রিক সনদপত্র দাখিল করতে হবে।
০৫।	নিয়োগকৃত কর্মচারীকে বাংলাদেশের যে কোন ইউসিসিএ লিঃ এ বদলী করা যাবে।
০৬।	চাকুরীরত প্রার্থীদেরকে স্ব স্ব কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত প্রেরণ করতে হবে।
০৭।	অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে।
০৮।	দরখাস্তের সাথে জনতা ব্যাংকের যে কোন শাখা হতে "কোটচাঁদপুর ইউসিসিএ লিঃ" এর শিরোনামে ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) জনতা ব্যাংক লিঃ, কোটচাঁদপুর, ঝিনাইদহ এর অনুকূলে দাখিল করতে হবে।
০৯।	দরখাস্তের সর্বশেষ ০৩/১০/২০১৮ খ্রিঃ তারিখে অফিস চলাকালীন সময়ের মধ্যে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ও সদস্য সচিব, কোটচাঁদপুর ইউসিসিএ লিঃ, কোটচাঁদপুর, ঝিনাইদহ এর নিকট ডাকযোগে পৌঁছাতে হবে (সরাসরি/হাতেহাতে দরখাস্ত কোনক্রমেই গ্রহণ করা হবে না)। বিলম্বে প্রাপ্ত দরখাস্ত গ্রহণযোগ্য হবে না।
১০	প্রার্থীর বয়স্ক ০৩/১০/২০১৮ খ্রিঃ তারিখে অনুর্ধ্ব ১৮ হতে ৩০ বছর এবং মুক্তিযোদ্ধা, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র কন্যা প্রার্থীর ক্ষেত্রে অনুর্ধ্ব ৩২ বছর। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র/কন্যাগণের ক্ষেত্রে বয়স অনুর্ধ্ব ৩০ বছর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
১১।	নিয়োগের ক্ষেত্রে সরকারী সকল বিধিবিধান ও কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে।
১২।	প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে ইচ্ছুক, উক্ত ঠিকানা উল্লেখ পূর্বক ৯.৫"-৪" মাপের ১০ (দশ) টাকার ডাক টিকেট সম্বলিত ০১টি খাম আবেদন পত্রের সাথে প্রেরণ/দাখিল করতে হবে।
১৩।	মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্য শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।
১৪।	প্রার্থীকে লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনা প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
১৫।	কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন, সংশোধন এবং পরিবর্তন করার ক্ষমতা সহ কোন কারণ ছাড়াই নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত
মোঃ বাহাউল ইসলাম
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
ও সদস্য সচিব,
নিয়োগ/পদোন্নতি কমিটি, কোটচাঁদপুর ইউসিসিএ লিঃ,
কোটচাঁদপুর, ঝিনাইদহ।